# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৩৮৬

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৩৮. হেবা (দান) করে তা ফেরত নেয়া

بَاب الرُّجُوعِ فِي الْهِبَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يُوسُفَ الْعَرْعَرِيُّ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ أَبِي حَكِيمٍ، حَدَّثَنَا الْعُمَرِيُّ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الْعَائِدُ فِي هِبَتِهِ كَالْكَلْبِ يَعُودُ فِي قَيْئِهِ " .

বাংলা

৩/২৩৮৬। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি দান করে তা ফেরত নেয়, সে কুকুরের সমতুল্য, যে বমি করে পুনরায় তা ভক্ষণ করে।

## English

It was narrated from Ibn`Umar that the Prophet (ﷺ) said:
“The one who takes back his gift is like the dog that goes back to its vomit.”

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। ইরওয়া ১৬২২, রাওদুন নাদীর ২১৯।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আহমাদ বিন আবদুল্লাহ বিন ইয়ুসুফ আল-আরআরী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তার সম্পর্কে অজ্ঞাত। ইমাম যাহাবী বলেন, তিনি পরিচিত নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৩, ১৩৭৫ নং পৃষ্ঠা) ২. আল-উমরী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি দুর্বল, তিনি নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন সাঈদ বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ছিলেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৪৪০, ১৫/৩২৭ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আহমাদ বিন আবদুল্লাহ বিন ইয়ুসুফ আল-আরআরী ও

আল-উমরী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৬০৬ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ৪ টি জাল, ৩৫ টি খুবই দুর্বল, ৩৫ টি দুর্বল, ১৬৪ টি হাসান, ৩৩৮ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ দারাকুতনী ২৯৫০, ২৯৫১, ২৯৫২, ২৯৫৬, মুসান্নাফ আব্দুর রাযযাক ১৬৫৩৬, ১৬৫৩৭, ১৬৫৩৮, ১৬৫৪১, ১৬৫৪৩, ১৬৫৭২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43002

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন